গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
রংপুর ।

**অফিস আদেশ ঃ**

নং- ২০ /২০১৭ তারিখ ঃ ২৯/০১/২০১৭ খ্রিঃ ।

সারা দেশে অধস্তন আদালতসমুহে বিচারাধীন মামলার আধিক্য হ্রাস, মামলা নিষ্পত্তিতে দীর্ঘসূত্রিতা পরিহার, সর্বোপরী দ্রুত বিচার নিষ্পত্তির লক্ষ্যে বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নির্দেশনার প্রেক্ষিতে রংপুর জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর অধীনস্থ আদালতসমূহে ০৩ (তিন) বৎসর ও উহার উর্দ্ধকাল যাবত বিচারাধীন মামলাসমূহ আইনানুগভাবে অগ্রাধিকার ভিত্তিতে ও দ্রুত নিষ্পত্তি করার জন্য জুডিসিয়াল ম্যাজিস্ট্রেসীর আদালতসমূহে নিয়োজিত সকল পর্যায়ের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-গণকে নির্দেশ প্রদান করা হইল। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে এই বিষয়ে মনিটরিং করতঃ পুরাতন মামলা নিষ্পত্তির অগ্রগতি বিষয়ে প্রতি মাসের ৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য বলা গেল ।

সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক ।

স্বাক্ষরিত
( হুমায়ুন কবীর )
সিনিয়র জেলা জজ
রংপুর ।

স্মারক নং জেঃজঃরং- ৫১ (৯)/২০১৭ তারিখ ঃ ২৯/০১/২০১৭ খ্রিঃ ।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১ । চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর ।
২ । অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রংপুর ।
৩ । সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ১ম/২য়/৩য় আদালত, রংপুর ।
৪ । জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ১ম/২য়/৩য়/৪র্থ আদালত, রংপুর ।
৫ । আদেশ বহি/অফিস ফাইল ।

আদেশক্রমে
২৯/০১/২০১৭ খ্রি
প্রশাসনিক কর্মকর্তা
জেলা জজ আদালত
রংপুর ।